

নদী রক্ষার নামে মুক্তিযুদ্ধ বিরোধীরা প্রবেশ করার চেষ্টা করতে পারে -নৌপরিবহন প্রতিমন্ত্রী

ঢাকা, ১০ সেপ্টেম্বর;

নদী ও পরিবেশ রক্ষার নামে মুক্তিযুদ্ধ বিরোধীরা প্রবেশ করার চেষ্টা করতে পারে। তারা মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করেনা। তারা নদী রক্ষার ক্ষেত্রে সরকারের ভাল উদ্যোগগুলোকে নস্যাত্ত করার অপচেষ্টা করছে। মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী গোষ্ঠী নদী ও পরিবেশ রক্ষা সংক্রান্ত সরকার পর্যায়ের আলোচনা সভায় অংশ নিতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। নদী রক্ষার ক্ষেত্রে আমাদেরকে খুবই তৎপর থাকতে হবে। নদী ও পরিবেশ রক্ষায় আমরা অনেক এগিয়েছি। প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা নদী ও পরিবেশ রক্ষায় শুরু থেকে আন্তরিকতার সাথে কাজ করছেন। বর্তমান সরকার নদী দখল ও দূষণরোধে বাস্তবতার নিরিখে কাজ করছে।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় নদী রক্ষা কমিশনের উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সংক্রান্ত বৈঠকে এসব কথা বলেন।

এসময় অন্যান্যের মধ্যে মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী ও জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান ড. মুজিবুর রহমান হাওলাদার উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী বলেন, সরকার বুড়িগঙ্গাসহ শীতলক্ষ্যা, বালু, তুরাগ ও দেশের গুরুত্বপূর্ণ নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান, সুপারিশ প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য 'টাস্কফোর্স' গঠন করেছে। নৌপরিবহন মন্ত্রণালয়ের নেতৃত্বে 'টাস্কফোর্স' এর কাজ করছে। কর্ণফুলীসহ দেশের বড় নদীগুলো রক্ষায় আরো একটি কমিটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নেতৃত্বে কাজ করছে।

প্রতিমন্ত্রী পায়রা বন্দর এবং নাবিক ও প্রবাসী শ্রমিক পরিদপ্তরের উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সংক্রান্ত বৈঠকে সভাপতিত্ব করেন।



মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪

jahangirpro66@gmail.com,